শিক্ষা নৈতিকতা মানবতা দেশপ্রেম

# মজিদ জরিনা ফাউন্ডেশন স্কুল এন্ড কলেজ

**নরকলিকাতা(শরীয়তপুর পল্লী বিদ্যুৎ সংলগ্ন), নড়িয়া, শরীয়তপুর**

**স্মারক নং: বিজ্ঞপ্তি-২০২৬/০১** **তারিখ : ১৪ ফেব্রুয়ারী ২০২৬ খ্রি.**

## নিয়োগ বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষামন্ত্রণালয় কর্তৃক ***২০২২ ও ২০২৬ সালে জাতীয় শিক্ষা সপ্তাহে*** নির্বাচিত ঢাকা বিভাগের শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান মজিদ জরিনা ফাউন্ডেশন স্কুল এন্ড কলেজে নিম্নবর্ণিত শূন্য পদে নিয়োগের লক্ষ্যে বাংলাদেশি নাগরিকদের নিকট হতে আবেদনপত্র আহ্বান করা হচ্ছে।

| ক্রম | পদের নাম ও সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও বয়সসীমা | বেতন স্কেল ও গ্রেড |
|---|---|---|---|
| ০১ | **সহকারী শিক্ষক**<br>বাংলা-০২<br>পদার্থবিজ্ঞান-০৩<br>ইসলাম শিক্ষা-০৩<br>কৃষি শিক্ষা-০১ | ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক(সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রি সম্পন্নকারী প্রার্থীরা আবেদন করতে পারবেন।<br>খ) সমগ্র শিক্ষাজীবনে কোনো ৩য় বিভাগ/ শ্রেণি/ জিপিএ/ সিজিপিএ সমমান গ্রহণযোগ্য হবে না।<br>গ) ৪ মার্চ ২০২৬ খ্রি. তারিখে প্রার্থীর বয়স সর্বোচ্চ ৩৫ বছর হতে হবে। | ক) ১২৫০০-৩০২৩০/- (গ্রেড-১১)<br>খ) প্রতিষ্ঠানের বিধি অনুযায়ী সকল ধরণের সুযোগ-সুবিধা প্রদান করা হবে।<br>গ) শিক্ষানবীশকাল শেষে চাকুরী স্থায়ী হওয়াসহ প্রতিষ্ঠানের বিধি অনুযায়ী প্রভাষক পদে পদোন্নতির সুযোগ রয়েছে। |
| ০২ | **সহকারী প্রদর্শক**<br>পদার্থবিজ্ঞান-০১ | ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়সহ স্নাতক ডিগ্রি/সমমান অথবা ৪ বছরের অনার্স সম্পন্নকারী প্রার্থীরা আবেদন করতে পারবেন।<br>খ) সমগ্র শিক্ষাজীবনে ০১ (এক) টির বেশি ৩য় বিভাগ/ শ্রেণি/ জিপিএ/ সিজিপিএ সমমান গ্রহণযোগ্য হবে না।<br>গ) ৪ মার্চ ২০২৬ খ্রি. তারিখে প্রার্থীর বয়স সর্বোচ্চ ৩৫ বছর হতে হবে। | ক) ১২৫০০-৩০২৩০/- (গ্রেড-১১)<br>খ) প্রতিষ্ঠানের বিধি অনুযায়ী সকল ধরণের সুযোগ-সুবিধা প্রদান করা হবে।<br>গ) শিক্ষানবীশকাল শেষে চাকুরী স্থায়ী হওয়াসহ প্রতিষ্ঠানের বিধি অনুযায়ী পদোন্নতির সুযোগ রয়েছে। |
| ০৩ | **ল্যাব সহকারী কাম গ্রাফিক্স ডিজাইনার-০১** | ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রি/সমমানসহ সরকার অনুমোদিত প্রতিষ্ঠান হতে ০৬(ছয়) মাস মেয়াদী কম্পিউটার/ গ্রাফিক্স ডিজাইনে ডিপ্লোমা/কোর্স সম্পন্নকারী প্রার্থীরা আবেদন করতে পারবেন।<br>খ) পোস্টার ও ব্যানার প্রস্তুতকরণ, ভিডিও ধারণ, স্থির চিত্র ধারণ ও ভিডিও এডিটিংয়ের কাজে পারদর্শীরা অগ্রাধিকার পাবেন।<br>গ) ৪ মার্চ ২০২৬ খ্রি. তারিখে প্রার্থীর বয়স সর্বোচ্চ ৩৫ বছর হতে হবে।<br>ঘ) অভিজ্ঞতাসম্পূর্ণ প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য। | ক) ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬)<br>খ) প্রতিষ্ঠানের বিধি অনুযায়ী সকল ধরণের সুযোগ-সুবিধা প্রদান করা হবে।<br>গ) শিক্ষানবীশকাল শেষে চাকুরী স্থায়ী হওয়াসহ প্রতিষ্ঠানের বিধি অনুযায়ী উচ্চতর বেতন গ্রেড প্রাপ্তির সুযোগ রয়েছে। |

**শর্তাবলী:**

১) আগ্রহী প্রার্থীগণকে আগামি ৪ মার্চ ২০২৬ খ্রি. তারিখের মধ্যে কলেজ ওয়েবসাইট https://www.mjfsc.edu.bd/ এ প্রবেশ করে eRecruitment-2026 অপশন থেকে নির্ধারিত আবেদন ফরম নির্ভূলভাবে পূরণ করার পর **Application Copy** ও **Admit Card** কালার প্রিন্ট করতে হবে।

২) অনলাইনে আবেদন ফরম পূরণের পূর্বে আবেদনকারীকে ক্রম ১ ও ২ নং পদের জন্য ৩০০/- এবং ক্রম ৩ নং পদের জন্য ২০০/- টাকা **রকেটের (বিলার আইডি: 4037 ; বিল নং: 2026)** মাধ্যমে পরিশোধ করে ট্রানজেকশন আইডি নম্বর সংগ্রহ করে আবেদন ফরমের নির্ধারিত জায়গায় পূরণ করতে হবে।

৩) লিখিত পরীক্ষা আগামী ৭ মার্চ ২০২৬ খ্রিঃ শনিবার, সকাল ১১:৩০ ঘটিকায় মজিদ জরিনা ফাউন্ডেশন স্কুল এন্ড কলেজে অনুষ্ঠিত হবে। প্রার্থীদের পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো টিএ/ডিএ প্রদান করা হবে না।

৪) **লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় প্রার্থীদের আবেদনপত্রের অনলাইন কপিসহ সকল শিক্ষাগত যোগ্যতার সনদের ফটোকপি, অভিজ্ঞতার সনদের (যদি থাকে) ফটোকপি, জাতীয় পরিচয় পত্রের ফটোকপি ও সদ্য তোলা ০১ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি সঙ্গে আনতে হবে।**

৫) নিয়োগপ্রাপ্ত শিক্ষক কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক যে কোনো শ্রেণীতে পাঠদান/দায়িত্ব পালন করতে বাধ্য থাকবেন। উল্লেখ্য, কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ বিজ্ঞপ্তি/যেকোনো আবেদনপত্র স্থগিত/বাতিল করার ক্ষমতা রাখেন।

**বি.দ্র: মেধা ও যোগ্যতার ভিত্তিতে যোগ্য প্রার্থীরাই নিয়োগপ্রাপ্ত হবেন। এজন্য কোনরূপ তদবির বা যোগাযোগ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।**

www.mjfsc.edu.bd

**সভাপতি, গভর্নিং বডি**
**মজিদ জরিনা ফাউন্ডেশন স্কুল এন্ড কলেজ**
**নরকলিকাতা, ভোজেশ্বর, নড়িয়া, শরীয়তপুর।**